

## প্রেসবিজ্ঞপ্তি

তারিখ: ৩০/০৯/২০২০

এম.সি কলেজ ছাত্রাবাসে গৃহবধু ধর্ষণ সহ কুমিল্লায় পোশাক চলন্ত বাসে পোশাক শ্রমিক, খাগড়াছড়িতে আদিবাসি তরুণী ধর্ষণ ও সাভারে নীলা রায় হত্যা সহ দেশব্যাপি নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে কর্মজীবী নারীর প্রতিবাদ অনুষ্ঠিত

আজ ৩০ সেপ্টেম্বর ২০২০ কর্মজীবী নারী বেলা ১১ টা হতে ১২ টা পর্যন্ত দেশব্যাপি ঘটে যাওয়া ধর্ষণ ও হত্যার মতো কয়েকটি নৃশংস ঘটনার প্রতি ক্ষোভ প্রকাশ স্বরূপ একটি প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। উক্ত সমাবেশে বক্তব্য রাখেন কর্মজীবী নারীর সমন্বয়ক মোরশেদা জাহান, হাসিনা আক্তার, ফারহানা আফরিন তিথি ও হুরমত আলী এবং মিরপুর অঞ্চলের নারী নেতা মাহমুদা, শীলা, রাবেয়া আক্তার, শেখ শাহানাজ ও নাগিস আক্তার।

বক্তারা বলেন, বর্তমান বিশ্ব যখন করোনা মহামারির সংকটে নিপতিত তখন দেশে নারী ও শিশু নির্যাতনের একের পর এক ভয়াবহ ঘটনা সকলকে উদ্ভিন্ন করে তুলেছে। আমরা দেখেছি এই নির্যাতন কোনভাবেই থামছে না একের পর এক ঘটেই চলেছে। বক্তারা বলেন কোন নির্যাতনের দৃষ্টান্তমূলক শাস্তি হচ্ছে না বলেই এই ধরণের ঘটনা ঘটেই চলেছে। বক্তারা মাননীয় প্রধান মন্ত্রীর কাছে আহ্বান করেন বর্তমান সরকার নারী উন্নয়নে ইতিবাচক ভূমিকা রেখে চলেছে। তাই এই সরকারের একনিষ্ঠ ভূমিকাই পারে নারী ও শিশুর প্রতি নির্যাতন কমিয়ে আনতে। তারা আরো বলেন একমাত্র দৃষ্টান্তমূলক শাস্তির উদাহরণই হতে পারে নির্যাতন বন্ধের একমাত্র উপায়।

সমাবেশ থেকে উত্থাপিত দাবিগুলো হলো-

১. চলন্ত বাসে পোশাক শ্রমিক, খাগড়াছড়িতে আদিবাসী তরুণী, এমসি কলেজে গৃহবধু ধর্ষণ এবং সাভারে নীলা রায় হত্যায় অভিযুক্তকারির দ্রুত ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা
২. সকল প্রকার যৌন হয়রানির দ্রুত বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা
৩. নারী ও শিশু নির্যাতন দমন আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন করা
৪. নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে সমাজের সর্বস্তরের মানুষদের নিয়ে সামাজিক আন্দোলন গড়ে তোলা
৫. নারী ও শিশুর প্রতি সকল প্রকার নির্যাতন বন্ধে পরিবার, কর্মক্ষেত্রসহ সকল ক্ষেত্রে ইতিবাচক দৃষ্টিভঙ্গির সংস্কৃতি গড়ে তোলা
৬. পাড়ায়- মহল্লায় গন্যমান্য ব্যক্তিবর্গ এবং সবল স্তরের মানুষের অংশগ্রহণে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি গড়ে তোলা

বার্তা প্রেরক

ফারহানা আফরিন তিথি  
প্রকল্প সমন্বয়ক  
কর্মজীবী নারী  
(০১৫৭১৭৯৬৯৮৭)

KarmojibiNari: Green Avenue Park, House-01, Apartment B8, Road-03, Block-A, Section-06, Mirpur, Dhaka-1216